

আল-আ'লা | Al-A'la | الْأَعْلَى

আয়াতঃ ৮৭ : ৮

আরবি মূল আয়াত:

وَنُيَسِّرُكَ لِلْيُسْرَى ﴿٨﴾

অনুবাদসমূহ:

আর আমি তোমাকে সহজ বিষয় সহজ করে দেব। — আল-বায়ান

আমি তোমার জন্য সহজপথ (অনুসরণ করা) আরো সহজ করে দেব। — তাইসিরুল

আমি তোমার জন্য কল্যাণের পথকে সহজ করে দিব। — মুজিবুর রহমান

And We will ease you toward ease. — Sahih International

৮. আর আমরা আপনার জন্য সুগম করে দেব সহজ পথ।(১)

(১) অর্থাৎ আল্লাহ তা'আলা আপনার জন্য সহজ সরল শরীআত প্রদান করবেন। যাতে কোন বক্রতা থাকবে না।
[ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

৮। আমি তোমার জন্য (কল্যাণের পথকে) সহজ করে দেব। [1]

[1] এ কথাটিও ব্যাপক। যেমন, আমি তোমার জন্য অহীকে সহজ করে দেব, যাতে তা মুখস্থ করা এবং তার উপর আমল করা সহজ হয়ে যায়। তোমাকে সেই পথ প্রদর্শন করব, যা হবে সরল। যে আমল জান্নাতে নিয়ে যাবে, আমি তোমার জন্য সেই আমল সহজ করে দেব। আমি তোমার জন্য ঐ সমস্ত কর্ম ও কথাকে সহজ করে দেব, যাতে মঙ্গল নিহিত আছে এবং আমি তোমার জন্য এমন শরীয়ত নির্ধারণ করব, যা সহজ, সরল এবং মধ্যপন্থী হবে; যার মধ্যে কোন প্রকার বক্রতা, কঠিনতা ও সংকীর্ণতা নেই।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5956>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন